

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর কার্যালয়

পুরাতন সংসদ ভবন
ঢাকা

পত্র সংখ্যা ০৩.০৮২.০০৬.০০.০০.০১১.২০১৪-৪৪

তারিখ ২৩ ফেব্রুয়ারি.২০১৪.....

বিষয়: কর্মকর্তাদের নিজস্ব উদ্ভাবনী ধারণা (Innovative Ideas) গভর্নেন্স ইনোভেশন ইউনিট, প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রেরণ প্রসংগে।

১। সূত্র: ০৩.০৮২.০০৬.০০.০০.০১১.২০১৪(অংশ)-১৬১, তারিখ ১৮ ফেব্রুয়ারি ২০১৪

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ১৮.০২.২০১৪ তারিখে সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত কর্মকর্তাদের সাপ্তাহিক পর্যালোচনা সভার ৬ নম্বর সিদ্ধান্ত নিম্নরূপ:

" সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের কর্মকর্তাসহ পরিচালক/মহাপরিচালকগণ নিজস্ব উদ্ভাবনী ধারণা (Innovative Ideas) মহাপরিচালক (GIU) বরাবর প্রেরণ করবেন।"


২। সহজভাবে পাবলিক সেটরে উদ্ভাবন (Innovation) বা নতুন প্রসর্তন বলতে সেবার মানোন্নয়ন নিশ্চিতকল্প আরও দক্ষতার সাথে কাজ করাকে বুঝায়। নাগরিকদের বিড়ম্বনা ও ব্যয় হ্রাস এবং তুলনামূলকভাবে কম সময়ে একটি সেবা প্রদান নিশ্চিত করা। ঝুঁকি থাকে সেজেও কোন সমস্যার গতানুগতিক বা রুটিন সমাধানের পরিবর্তে বিকল্প বা নতুন সমাধান বের করা, যা জনগণের কাছে অধিকতর গ্রহণযোগ্য এবং যার মাধ্যমে:

- ✓ পছতিগত জটিলতা কমবে;
- ✓ সেবার মানোন্নয়ন ঘটবে;
- ✓ কর্মকর্তা/কর্মচারীদের সম্পৃক্ততা বাড়াবে এবং
- ✓ জনগণের জন্য তা অধিক ফলপ্রসূ হবে।

৩। দীর্ঘ কর্ম অভিজ্ঞতার কারণে একজন কর্মকর্তা/কর্মচারীর মনে অনেক উদ্ভাবনী ধারণার বিকাশ ঘটতে পারে। সরকারী কর্মকর্তাদের মেধা, প্রজ্ঞা, উদ্ভাবনী ধারণাসমূহকে সরকার জনকল্যাণে লাগাতে চায়। উদ্ভাবনী ধারণাটি বাস্তবায়নযোগ্য করার ক্ষেত্রে পূর্বোক্ত ২ নং অনুচ্ছেদের আলোকে নিম্নবর্ণিত বিষয়াদি বিবেচনায় রাখা প্রয়োজন:

- ✓ নতুনত্ব (Novelty): সেবা প্রদান প্রক্রিয়ায় প্রস্তাবিত উদ্ভাবনী ধারণাটি কোন উল্লেখযোগ্য পরিবর্তন/উন্নতি সাধন করবে কিনা ?
- ✓ কার্যকারিতা (Effectiveness): প্রস্তাবিত উদ্ভাবনী ধারণাটি সেবা গ্রহীতা শ্রেণীর চাহিদা পূরণে সক্ষম কিনা এবং তা প্রত্যাশিত সুফল বয়ে আনবে কিনা ?
- ✓ তাৎপর্য (Significance): প্রস্তাবিত উদ্ভাবনী ধারণাটি স্থানীয় সমস্যা হ্রাসকরনে উল্লেখযোগ্য অগ্রগতি সাধন করবে কিনা? এটি ব্যবস্থাপনার বা সমস্যা সমাধানের সাংগঠনিক কর্মপরিবেশ (Work Culture) বা প্রথাগত দৃষ্টিভঙ্গিতে কোন পরিবর্তন আনবে কিনা ?
- ✓ সমজাতীয় অন্য ক্ষেত্রে বাস্তবায়নযোগ্যতা (Replicability): উদ্ভাবনী ধারণাটি সফল হলে সমজাতীয় অন্য ক্ষেত্রে বাস্তবায়নযোগ্য হবে কিনা এবং অন্যান্য নীতিনির্ধারনী ক্ষেত্রে তা মডেল হিসেবে গ্রহণযোগ্য হবে কিনা ?

৪। বর্ণিতাবস্থায়, তার নিজের এবং অধিক্ষেত্রভুক্ত মন্ত্রণালয়/বিভাগের কর্মকর্তাগণকে সম্পৃক্ত করে নিজস্ব উদ্ভাবনী ধারণাসমূহ আগামী ২৩-০৩-২০১৪ তারিখের মধ্যে innovation@pmo.gov.bd ই-মেইল-এ প্রেরণসহ হার্ডকপি সরাসরি এ কার্যালয়ে নিম্নস্বাক্ষরকারী বরাবরে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


23-2-14

মোহাম্মদ নাভিদ শফিউল্লাহ

পরিচালক

গভর্নেন্স ইনোভেশন ইউনিট

ফোনঃ ৯১৩১৮৫৪, মোবাইলঃ ০১৭১১৮৫০৯৭২

ফ্যাক্স-০২-৯১৩১৮৬৯

E-mail: innovation@pmo.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। নির্বাহী চেয়ারম্যান, বিনিয়োগ বোর্ড, জীবন বীমা টাওয়ার, ১০, দিলফুশা, ঢাকা
- ২। নির্বাহী চেয়ারম্যান, বেপজা, ধানমন্ডি, ঢাকা
- ৩। নির্বাহী চেয়ারম্যান, বেজা, ঢাকা
- ৪। মহাপরিচালক, এসএসএফ, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
- ৫। প্রধানমন্ত্রীর একান্ত সচিব-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
- ৬। প্রকল্প পরিচালক, আশ্রয়ণ, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
- ৭। প্রকল্প পরিচালক, এটুআই, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
- ৮। নির্বাহী চেয়ারম্যান, পিপিপি, গুলশান, ঢাকা।
- ৯। মহাপরিচালক (সকল), প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
- ১০। পরিচালক (সকল), প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
- ১১। মুখ্য সচিবের একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
- ১২। সচিবের একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
- ১৩। প্রধানমন্ত্রীর উপ-প্রেস সচিব/সহকারী প্রেস-সচিব, প্রেস উইং, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মাননীয় প্রধানমন্ত্রীর আন্তর্জাতিক বিষয়ক উপদেষ্টা মহোদয়ের একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
- ২। উপ-পরিচালক (সকল), গভর্নেন্স ইনোভেশন ইউনিট, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
- ৩। ব্যক্তিগত কর্মকর্তা, মহাপরিচালক গভর্নেন্স ইনোভেশন ইউনিট, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা

